অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০৩.১৭.২৩৯

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২২ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

বিষয় : **এজেন্সিসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে শুনানীঅন্তে উত্থাপিত অভিযোগের বিষয়ে সতর্ককরণ।**

২০১৭ খ্রি. সনের হজ মৌসুমে বিভিন্ন হজ এজেন্সির বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়। উক্ত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য সরকার ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি-১ গঠন করে। তদন্ত কমিটি-১ সংশ্লিষ্ট সকল হজ এজেন্সীর বক্তব্য/লিখিত বক্তব্য বা জবানবন্ধি গ্রহণ, আনীত অভিযোগ ও অভিযোগকারীর বক্তব্য বা জবানবন্ধি এবং সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত তদন্ত রিপোর্ট যাচাই-বাছাইপূর্বক প্রতিবেদন দাখিল করেছে।

০২। তৎপ্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি-১ এর সুপারিশ মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত হজ এজেন্সীকে সতর্ক করা হলো :

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | মন্ত্রণালয়ের গঠিত কমিটি কর্তৃক পর্যালোচনা | মতামত/সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | Tanveer Travels, **(HL No-142)** Eastern View (2nd Floor), 50, Nayapaltan, DIT Extn. Road, Dhaka-1000. | নির্ধারিত শুনানীতে তানভীর ট্রাভেলস (হ: লা: ১৪২) এর মোনাজ্জেম জনাব লুৎফুল হক ফারুকী জবান বন্দীতে জানান যে, উক্ত এজেন্সীর হাজীগণ ০২.০৮.২০১৭ খ্রি. তারিখে সৌদি আরবে গেলেও তিনি ২৪.০৮.২০১৭ খ্রি. তারিখে সৌদি আরবে যান। সরকারি প্যাকেজের সাথে সঙ্গতি রেখে হাজীগণের নিকট হতে টাকা নেননি। এ ছাড়া তিনি জবানবন্ধিতে আরও বলেন যে, মদিনায় নির্ধারিত ০৮ দিনের স্থলে ০৭ দিন রাখা হয়।<br><br>অভিযোগকারীদের অভিযোগ, সৌদি আরবে গঠিত তদন্ত রিপোর্ট ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, মূল অভিযোগটি হচ্ছে মদিনায় ৮ দিনের পরিবর্তে ৭ দিন রাখা। এক্ষেত্রে বিমানে ফ্লাইট সিডিউলের বিষয়টিও বিবেচ্য। ফ্লাইট সিডিউল বিলম্বিত হওয়ার কারণে হাজীগণের ১ দিনের বিলম্বে মদিনায় গমনের বিষয়টি যৌক্তিক বলে প্রতীয়মান হয়। তবে ঘোষিতহজ প্যাকেজ অনুযায়ী (সর্বনিম্ন প্যাকেজ-২ এর সমপরিমাণ অর্থ) হাজী প্রেরণ না করে কম অর্থে হাজী প্রেরণ সমীচীন নয়। | হজ প্যাকেজ অনুযায়ী অর্থ গ্রহণপূর্বক নির্ধারিত সময়ে হাজী প্রেরণ ও হাজীদের যাবতীয় কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের ক্ষেত্রে সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য এজেন্সীকে **সতর্ক থাকার নির্দেশ** প্রদান করা হলো। |
| ২. | Assurance Air Service, **(HL No-259)** 116, Novapolton, Jaman Manson (2nd Floor), Box Culbat Road, Dhaka-1000. | নির্ধারিত শুনানীতে অভিযোগকারী এবং অভিযুক্ত এজেন্সীর বক্তব্য শুনা হয়। এজেন্সীর বিরুদ্ধে আনীত অভিযোগ, সৌদি আরবে গঠিত কমিটির তদন্ত প্রতিবেদন এবং এজেন্সীর লিখিত বক্তব্য পর্যালোচনা করা হয়।<br>এজেন্সী কর্তৃক দু-একটি স্থানে যিয়ারাহ করানো হয়েছে এবং খাবার পরিবেশনে সামান্য সমস্যার সৃষ্টি হলেও পরবর্তীতে অভিযোগকারীদের খাবার বাবদ নগদ অর্থ প্রদান করায় অভিযোগকারীগণ এ ব্যাপারে সন্তোষ্ট হয়ে অভিযোগ প্রত্যাহার করেছেন। | ভবিষ্যতে হজ ব্যবস্থাপনায় যাতে কোন অনিয়ম না ঘটে সে বিষয়ে সচেষ্ট থাকার জন্য **এ্যাসুরেন্স এয়ার সার্ভিস (হ: লা: ২৫৯) কে সতর্ক করা হলো।** |
| ৩. | Addin International**(HL NO-366)**, Grand Azad Center, 55, purana Paltan (9th Floor), Dhaka-1000 | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে এজেন্সীর মালিক জনাব মো: আব্দুর রাজ্জাক উপস্থিত ছিলেন। তিনি শুনানীতে লিখিত বক্তব্য প্রদান করেন। লিখিত বক্তব্যে তিনি উল্লেখ করেন যে, তার এজেন্সির হাজী মাননীয় বিচারপতি জনাব মো: মিজানুর রহমান ভুঞা সৌদি আরব পৌঁছার পর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের লোকজন তাঁকে এয়ারপোর্টে রিসিভ করেন এবং মোয়াল্লেমের নির্ধারিত গাড়ীতে উঠিয়ে দেন। জেদ্দা এয়ারপোর্টে মাননীয় বিচারপতিকে এজেন্সীর পক্ষ থেকে রিসিভ করার কোন সুযোগ নেই। মাননীয় বিচারপতিকে ইব্রাহীম খলিল রোডে তাসরিয়াযুক্ত বাড়ীতে রাখেন। বাড়ীটি হারাম শরীফ হতে ১৫০ মি: দূরত্বে বরুজে সুলতান এর পার্শ্বে দ্বারে মক্কা নামক হোটেল। বাড়ীটি পাহাড়ের ৪০ ফুট উপরে নয় বলে তিনি দাবী করেন। মাননীয় বিচারপতি মহোদয় যে রুমে ছিলেন সে রুমে এ এজেন্সির মালিক নিজে, মাওলানা মো: নাজীর মাহমুদ, ইমাম ও খতীব, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদ এবং জনাব সেলিম শিকদার, জনৈক ব্যবসায়ী অবস্থান করেন। প্রতিদিন জনপ্রতি ৪৫ রিয়াল করে খাবার পরিবেশন করেন। তার লিখিত বক্তব্যে আরও উল্লেখ করেন যে, মাননীয় বিচারপতি মহোদয়ের নিকট হতে কর্জে হাসানাসহ বিভিন্ন তারিখে মানি রিসিটের মাধ্যমে ০৪ (চার) লক্ষ ৯০ (নব্বই) হাজার টাকা নিয়েছিলেন। কর্জে হাসানা ০১ (এক) লক্ষ টাকা ফেরত দিয়েছেন। মাননীয় বিচারপতি মহোদয় আরও ৩০ (ত্রিশ) হাজার ফেরত নিয়েছেন মর্মে তিনি উল্লেখ করেন। তিনি আরও বলেন যে, মাননীয় বিচারপতি মদিনা হতে লন্ডন যাওয়ার পরিকল্পনা ছিল। সে বিষয়ে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। লন্ডন হতে মাননীয় বিচারপতির জনৈক ব্যারিস্টার বন্ধু এসে বিচারপতি মহোদয়কে নিয়ে যাবেন। কিন্তু তিনি পূর্ব পরিকল্পনা অনুযায়ী লন্ডন না গিয়ে দেশে এসে আদ-দ্বীনের বিরুদ্ধে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অভিযোগ করেন।<br><br>মাননীয় বিচারপতি বা অভিযোগ স্বাক্ষরকারী তাঁর ব্যক্তিগত কর্মকর্তা জনাব রফিক মিয়া অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য শুনা সম্ভব হয়নি। এ বিষয়ে আরও জানার জন্য মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে একই কক্ষে অবস্থানকারী হাজী জনাব মো: নাজীর মাহমুদ, ইমাম ও খতীব, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ এর বক্তব্য শুনা হয়। | গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গকে হজ করানোর সময় আরও সতর্ক হওয়া বাঞ্চনীয়। ভবিষ্যতে এ বিষয়ে সতর্ক থাকার জন্য আদ-দ্বীন ইন্টারন্যাশনাল (হ: লা: ৩৬৬)কে নির্দেশনা প্রদান করা হলো। |

| ক্র.নং | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | মন্ত্রণালয়ের গঠিত কমিটি কর্তৃক পর্যালোচনা | মতামত/সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (8) |
| | | জবানবন্দিতে তিনি বলেন, তিনি মান্যবর বিচারপতির সঙ্গে এবার হজব্রত পালন করেছেন একই এজেন্সিতে এবং মাননীয় বিচারপতির সঙ্গে একই রুমে থেকেছেন। এজেন্সির সার্বিক ব্যবস্থাপনায় সন্তুষ্ট বলে তিনি উল্লেখ করেন।<br><br>সার্বিক বিবেচনায় দেখা যায় যে, মাননীয় বিচারপতি তিনি অথবা নিদেনপক্ষে তার ব্যক্তিগত কর্মকর্তা জনাব মো: রফিক মিয়াকে তদন্তকালে উপস্থিত পেলে এজেন্সির স্বত্বাধিকারীকে এবং সহযাত্রীকে আরও খতিয়ে দেখার সুযোগ থাকত। কিন্তু এক্ষেত্রে তা সম্ভব হয়নি। তবে মাননীয় বিচারপতির মত সমাজের সম্মানিত ব্যক্তিবর্গকে হজে নিয়ে যাওয়ার সময় এজেন্সিগুলোকে আরও সতর্ক এবং অধিকতর খেয়াল রাখার প্রয়োজন আছে। কোনক্রমেই তাদের মত সম্মানি ব্যক্তিবর্গ অনাকাঙ্খিত কোন পরিস্থিতির মধ্যে না পড়েন সেজন্য সকলের সতর্ক থাকা একান্ত জরুরী। | |

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

22/2/26

(মো: শরাফত জামান)
উপসচিব (হজ)
ফোন : ৯৫৭৬৩৪৯
e-mail : morahajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপক/ব্যবস্থাপনা অংশিদার

............................................................এজেন্সি।

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০৩.১৭.২৩৯

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ / ২২ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে :

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিষ্ট, ধর্ম বিষয়ক বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. ব্যবস্থাপক ..............................................................................................(সংশ্লিষ্ট ব্যাংক)।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি: (পত্রটি www.hajj.gov.bd-তে প্রকাশের অনুরোধসহ)।
১০. যুগ্মসচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অফিস কপি।

22/02/26

(মো: শরাফত জামান)
উপসচিব (হজ)।